১৩৭

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

"কৃষি ভবন"

৪৯-৫১, দিলকুশা বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

(সার ব্যবস্থাপনা বিভাগ)

স্মারক নং- সার ব্যবঃ(বিক্রয়)/২-ডি/ ২০০৯-১০/৩৭ (২২)

তারিখ ঃ-০২/০৭/২০১০ ইং।
০২/০৮/২০১০

বরাবর

যুগ্ম-পরিচালক (সার) বিএডিসি,

ঢাকা/ টাঙ্গাইল/ জামালপুর/ ময়মনসিংহ/কিশোরগঞ্জ/ফরিদপুর/ সিলেট/ চট্টগ্রাম/ রাঙ্গামাটি/ বান্দরবন/ কুমিল্লা/নোয়াখালী/ রাজশাহী/ পাবনা/ বগুড়া/ রংপুর/ দিনাজপুর/ যশোহর/কুষ্টিয়া/ বরিশাল/ খুলনা।

বিষয় ঃ বিএডিসি'র বীজ ডিলার হতে বিএডিসি'র সার ডিলার নিবন্ধন প্রদান প্রসঙ্গে।

সূত্র ঃ অত্র বিভাগের স্মারক নং ১২১৬ তারিখ ২০/০৪/২০১০।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিএডিসি'র পরিচালক পর্ষদের বিগত ২২/০৩/২০১০ তারিখে অনুষ্ঠিত ৫ম সাধারন সভায় - নিবন্ধন অবশিষ্ট বিএডিসি'র বীজ ডিলারদেরকে ২৫,০০০/= টাকা করে জামানত প্রদান সাপেক্ষে জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সুপারিশের ভিত্তিতে বিএডিসি'র সার ডিলার হিসেবে নিবন্ধন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ডিলারগণকে শুধুমাত্র বিএডিসি কর্তৃক আমদানিকৃত সার বিতরণের জন্য নিবন্ধন করা হবে। সূত্রীয় স্মারক মাধ্যমে এতদবিষয়ক পত্র জারী করা হয়েছে।

০২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে "বিএডিসি'র বীজ ডিলার হতে বিএডিসি'র সার ডিলার নিয়োগ ও সার বিতরণ পদ্ধতি এবং শর্তাবলী - ২০১০" এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। উক্ত শর্তাবলীর আলোকে নিম্নোক্ত গাইড লাইন অনুসরণ করে অঞ্চলাধীন নিবন্ধন অবশিষ্ট বিএডিসি'র নিয়োগকৃত বীজ ডিলারদের মধ্য হতে সার ডিলার নিবন্ধন প্রদান কার্যক্রম গ্রহণ করতে হবে।

ক) আগ্রহী বিএডিসি'র বীজ ডিলারগণ তাদের নিজস্ব প্যাডে বিএডিসি'র বীজ ডিলার হিসেবে নিয়োগপত্র/পাশবহি ও ১ (এক) কপি সদ্য তোলা ছবির প্রত্যয়িত কপিসমেত আবেদনপত্র সংশ্লিষ্ট যুগ্ম পরিচালক (সার) দপ্তরে দাখিল করবেন।

খ) আগ্রহী আবেদনকারীদের বিএডিসি'র বীজ ডিলারশীপ নিবন্ধন নং/ মেয়াদ যাচাইপূর্বক দাখিলকৃত আবেদনপত্রের কপি সমেত জেলা ও উপজেলাওয়ারী তালিকা প্রনয়ণপূর্বক জেলা সার ও বীজ মনিটরিং কমিটির অনুকূলে প্রেরণ করতে হবে।

গ) জেলা সার ও বীজ মনিটরিং কমিটির অনুমোদন প্রদানের পর অনুমোদনের কপিসহ "বিএডিসি'র বীজ ডিলার হতে বিএডিসি'র সার ডিলার নিয়োগ ও সার বিতরণ পদ্ধতি এবং শর্তাবলী - ২০১০" অনুযায়ী নিয়োগপ্রত্যাশি বিএডিসি বীজ ডিলারদের পূর্নাঙ্গ আবেদনপত্র সংগ্রহ করে সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

বিষয়টি অতিব জরুরী।

২৯/৭/২০১০

(জ্যোতিশ চন্দ্র সরকার)
মহা-ব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)
বিএডিসি, ঢাকা।
ফোন ঃ ৯৫৫ ৪০১৬

২৯/০৭/২০১০

বিতরণ ঃ

১। জেলা প্রশাসক ও সভাপতি,
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি ..........................................(সকল)।

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

(সার ব্যবস্থাপনা বিভাগ)

ওয়েব সাইটঃ www.badc.gov.bd

## বিষয় ঃ বিএডিসি'র বীজ ডিলার হতে বিএডিসি'র সার ডিলার নিয়োগ ও সার বিতরণ পদ্ধতি এবং শর্তাবলী ২০১০

০১। বিএডিসি'র পরিচালক পর্ষদের ২২/০৩/২০১০ তারিখে অনুষ্ঠিত ৫ম সাধারণ সভায় নিবন্ধন অবশিষ্ট বিএডিসি'র বীজ ডিলার থেকে জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সুপারিশের ভিত্তিতে বিএডিসি'র সার ডিলার হিসেবে নিবন্ধন প্রদানের সিদ্ধান্ত প্রদান করা হয়।

০২। আবেদনকারীকে সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা ও বিএডিসি'র বীজ ডিলার হতে হবে এবং নূন্যতম বয়স ২৫ বছর ও বীজ/ সার ব্যবসায় কমপক্ষে ১ (এক) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

০৩। নিজস্ব প্যাডে আবেদন পত্রের সাথে হালনাগাদ নবায়নসহ বিএডিসি'র ডিলারশীপ নিয়োগপত্রের কপি, ভোটার আইডি কার্ড/ জাতীয় পরিচয়পত্র বা এসএসসি/ সমমান পরীক্ষার সনদ, সাম্প্রতিক তোলা (৪ কপি) পার্সপোর্ট সাইজ ছবি, হালনাগাদ ট্রেড লাইসেন্স, দোকান/ গুদামের মালিকানা/ ভাড়া চুক্তিনামার কপি ১ম শ্রেনীর কর্মকর্তার প্রত্যয়নসহ সংশ্লিষ্ট যুগ্ম পরিচালক (সার) এর মাধ্যমে মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা) বরাবরে প্রেরণ করতে হবে।

০৪। নির্বাচিত ডিলারের উপজেলাধীন নিজস্ব ব্যবসার কেন্দ্রে/ মোকামে নিজস্ব বা ভাড়ায় ন্যূনতম ৫০ মেঃ টন ধারন ক্ষমতা সম্পন্ন পাকা/আধা পাকা গুদাম এবং সার বিক্রয় করার ব্যবস্থা থাকতে হবে।

০৫। নিয়োগপ্রাপ্ত ডিলারকে স্থায়ী জামানত হিসাবে এককালীন ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা "বিএডিসি, ঢাকা" শিরোনামে ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে জমা প্রদান করতে হবে। জারীকৃত ব্যাংক ড্রাফট সংশ্লিষ্ট ব্যাংকের ঢাকাস্থ স্থানীয় কার্যালয়ের পরিবর্তে ঢাকাস্থ অন্য যে কোন শাখার উপর হতে হবে। ব্যবসা না করার শর্তে ৩(তিন) মাসের নোটিশে জামানতের অর্থ ফেরতযোগ্য, তবে ব্যবসাকালীন সময়ে সার ব্যবসায় কোন প্রকার অনিয়ম/দূর্নীতি তথা সার বিতরণ পদ্ধতি ও নিয়োগ-নীতিমালা লংঘিত হলে প্রদত্ত জামানত বাজেয়াপ্ত করা হবে।

০৬। প্রাথমিক পর্যায়ে প্রতি ১(এক) বছরের জন্য (জুলাই-জুন) প্রয়োজনীয় সংখ্যক ডিলার নিয়োগ করা হবে এবং প্রতি বছর জুলাই-আগষ্ট মাসে ১০০০/- (এক হাজার টাকার) বিনিময়ে সার ডিলার লাইসেন্স নবায়ন করা হবে।

০৭। যে এলাকার জন্য ডিলার নিয়োগ করা হবে সে এলাকাতেই সার বিক্রয়ের জন্য বিক্রয় কেন্দ্র থাকতে হবে। প্রয়োজনে আবাদি জমি, বীজ বিক্রয়ের পরিমান, ফসলের নিবিড়তা বীজ উৎপাদন জোন এবং উপজেলার আয়তন ইত্যাদি পর্যালোচনা করে ডিলার সংখ্যা হ্রাস-বৃদ্ধি করা হবে। কোন উপজেলায় সারের ডিলারশীপের জন্য আগ্রহী বীজ ডিলার সংখ্যা অপ্রতুল হলে সে ক্ষেত্রে পার্শ্ববর্তী উপজেলার আগ্রহী বীজ ডিলারকে সার ডিলার হিসাবে নিয়োগ দেয়া হবে।

০৮। যে অঞ্চল থেকে ডিলার নিয়োগ করা হবে, সে অঞ্চলাধীন নির্ধারিত সার বিক্রয় কেন্দ্র হতে সার উত্তোলন করতে হবে। তবে সংশ্লিষ্ট অঞ্চলে সারের মজুদ কম থাকলে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অন্য অঞ্চলাধীন নির্ধারিত সার বিক্রয় কেন্দ্র হতে সার উত্তোলন করা যাবে।

০৯। অঞ্চলাধীন সার বিক্রয় কেন্দ্রে মজুদ সাপেক্ষে একজন সার ডিলারকে প্রাপ্ত বরাদ্দ সাপেক্ষে প্রতিবার সার ক্রয়ের ক্ষেত্রে সর্বনিম্ন ৩(তিন) মেঃ টন সার উত্তোলন করতে হবে। চালানের অনুলিপিসহ গুদামজাত সারের পরিমান তাৎক্ষনিকভাবে উপজেলা প্রশাসনকে অবহিত করবেন।

১০। ডিলারগণ উত্তোলিত সারের হিসাব রেজিষ্টারে সংরক্ষণ করবেন। সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রয় করবেন এবং বিক্রয়ের বিপরীতে ক্যাশ মেমো প্রদান করবেন।

১১। ডিলারগণ বিএডিসি'র নির্ধারিত ও অনুমোদিত সিডিউল ব্যাংক হতে জারীকৃত পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে বিক্রয় কেন্দ্র হতে সার ক্রয় করবেন। সার ক্রয়ের জন্য জমাকৃত পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট এর যথার্থতা যাচাই ও নিশ্চিত হওয়ার পরই সার সরবরাহ করতে হবে।

১২। সার ডিলার নিয়োগ নীতিমালা অনুযায়ী ডিলারগণ ক্রয়কৃত সার স্বীয় বিক্রয় কেন্দ্রে পরিবহণপূর্বক সংরক্ষণ এবং নির্ধারিত দরে বিক্রয় করবেন।

১৩। ডিলারগণ সরকারের জারীকৃত সার ব্যবস্থাপনা আইন, ২০০৬ এর আওতায় সার বিক্রয় ও অন্যান্য অর্পিত কার্যক্রম পরিচালনা করবেন।

১৪। কেন্দ্রীয়ভাবে সারের জাতীয় চাহিদা (কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক প্রণীত) এবং সার প্রাপ্যতার ভিত্তিতে চাহিদার আনুপাতিক হারে অঞ্চল ভিত্তিক সারের বরাদ্দ প্রদান করা হবে। অঞ্চলের যুগ্ম পরিচালক (সার) গণ প্রাপ্ত বরাদ্দের ভিত্তিতে জেলা ও উপজেলা ওয়ারী সার বিতরণ করবেন।

১৫। জরুরী প্রয়োজনে বিএডিসি কর্তৃপক্ষ চট্টগ্রাম ও মংলা বন্দরস্থ যে কোন গুদাম হতে সার ডিলারদের নিকট সরাসরি সার বিক্রয় করতে পারবে।

১৬। সারের সিএফআর মূল্য, বন্দর থেকে ঠিকাদারের মাধ্যমে পরিবহণ খরচ, লোডিং-আনলোডিং ও অন্যান্য আনুষঙ্গিক খরচ বিবেচনা করে ভর্তুকীর আওতায় সকল অঞ্চলের বিএডিসি'র বিক্রয় কেন্দ্রের জন্য কেন্দ্রীয় ভাবে সারের একই মূল্য নির্ধারিণ করা হবে।

১৭। নির্ধারিত মূল্যের উপর দূরত্ব ভেদে প্রযোজ্য ক্ষেত্রে জেলা সার ও বীজ মনিটরিং কমিটি কর্তৃক উপজেলা/ প্রত্যন্ত অঞ্চলের জন্য সারের বিক্রয়মূল্য নির্ধারণ করে দিবেন এবং ডিলারগণ / উপজেলা নির্ধারিত মূল্যে সার বিক্রয় করবেন।

১৮। ডিলারগণকে স্বীয় উদ্যোগে উত্তোলিত/ ক্রয়কৃত সারের আগমনি বার্তা সংশ্লিষ্ট জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি/ উপ-পরিচালক (কৃষি সম্প্রসারণ)/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা কৃষি কর্মকর্তাকে অবহিত করতে হবে।

১৯। ডিলারগণ বিএডিসি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, স্থানীয় প্রশাসন ও জেলা/ উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির যে কোন পর্যায়ের কর্মকর্তাগণের পরিদর্শনকালীন যাচিত নথিপত্র রেজিষ্টার দেখাতে বাধ্য থাকবেন।

২০। আগে আসলে আগে পাবেন ভিত্তিতে বরাদ্দকৃত সার সরবরাহ করা হবে। নির্ধারিত বা পুনঃনির্ধারিত সময়ের মধ্যে সার সংগ্রহ করতে পর পর ২ বার ব্যর্থ হলে ডিলার হিসাবে নিবন্ধন বাতিল করা হবে এবং অনিয়ম হিসাবে চিহ্নিত করে কালো তালিকাভুক্ত করা যেতে পারে।

২১। প্রদত্ত সার ডিলার লাইসেন্স হস্তান্তর যোগ্য নয় এবং মনোনীত ডিলারগণ সার বিক্রয়ের জন্য কোন সাব-ডিলার নিয়োগ করতে পারবেন না। সারের চাহিদা ও প্রাপ্যতার ভিত্তিতে বিশেষ বিবেচনায় জেলা বা উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি উপজেলার জন্য নিয়োজিত ডিলারকে অন্য উপজেলায় সার বিক্রয়/ বিতরণের জন্য সাময়িক ভাবে অনুমতি প্রদান করতে পারবে।

২২। সার বিক্রয় কেন্দ্র হতে সুষ্ঠুভাবে সরবরাহ ও বাজার নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার লক্ষ্যে ডিলার স্বয়ং উপস্থিত হয়ে বা অপরাগতায় তার পক্ষে/ প্রতিষ্ঠানের পক্ষে একজন মনোনীত প্রতিনিধি এবং ছবি ও স্বাক্ষর প্রত্যয়িত করে সার উত্তোলনের ক্ষমতাপত্র প্রদান পূর্বক সার সরবরাহ নিতে হবে।

২৩। ডিলারের অবর্তমানে বা অন্য কোন কারণে বা মৃত্যুর পর ব্যবসা অব্যাহত রাখার জন্য নিবন্ধন নম্বর প্রাপ্তির পর সংশ্লিষ্ট যুগ্ম পরিচালক (সার) দপ্তরে চুক্তি স্বাক্ষরের সময় ডিলারশীপ মালিকানা উত্তরাধিকার মনোনয়ন দিতে হবে, যাতে ডিলারশীপের ধারাবাহিকতা বজায় থাকে এবং এ ব্যবস্থা ১৫ মাস পর্যন্ত বলবৎ থাকবে। এ সময়ের মধ্যে নিয়মতান্ত্রিকভাবে আদালত হতে সাকশেসন সার্টিফিকেট প্রাপ্তির ভিত্তিতে ডিলারশীপ মালিকানা চূড়ান্ত ভাবে হস্তান্তর করা যাবে। ব্যর্থতায় লাইসেন্স বাতিল করা হবে। মৃত্যুজনিত কারণে মনোনীত উত্তরাধিকারের ভিত্তিতে এবং আদালতের সাকসেশন সনদের ভিত্তিতে জামানত ফেরত দেয়া যাবে।

২৪। সার ডিলারগণ কোন অবস্থাতেই নিম্নমানের ও ভেজাল সার বিক্রয় করতে পারবেন না। সার সংগ্রহ এবং বিতরণের ব্যাপারে অনিয়মের অভিযোগ প্রমানিত হলে, জেলা/ উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির নিকট হতে অথবা অন্য কোন সূত্র হতে কোন অনিয়মের অভিযোগ প্রমাণিত হলে লাইসেন্স বাতিল করা হবে। একবার লাইসেন্স বাতিল করা হলে পুনরায় লাইসেন্স প্রদান করা হবে না। এমন কি পরিবারের অন্য কোন ব্যক্তিকে লাইসেন্স প্রদানের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করা হবে।

২৫। সার ডিলারশীপের জন্য নির্ধারিত আবেদনপত্রে কোন তথ্য গোপন করা হয়েছে বা তথ্য গোপনসহ মিথ্যার আশ্রয় নেয়া হয়েছে বা পেশকৃত পত্রাদিতে নিবন্ধন প্রদানের পর যদি প্রদত্ত তথ্য ভুল/অসত্য প্রমানিত হয় তা হলে ডিলারশীপ বাতিল পূর্বক জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে।

২৬। সার ডিলার হিসেবে মনোনয়ন প্রাপ্তির পর বিএডিসি নির্ধারিত শর্তাবলী পালনে বাধ্য থাকবেন মর্মে নিয়োগপ্রাপ্ত ডিলার ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে অংগীকারনামা প্রদান করবেন।

২৭/৭/২০০৯

মহা- ব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা)
বিএডিসি, কৃষিভবন, ঢাকা।
৪৯-৫১ দিলকুশা বানিজ্যিক এলাকা, ঢাকা ১০০০
ফোন ঃ ০২-৯৫৫ ৪০১৬

আমি উপরোক্ত শর্তাবলী পালনে বাধ্য থাকবো।

নিয়োগপ্রত্যাশি ডিলারের স্বাক্ষর ও তারিখ ঃ

নাম ঃ

ঠিকানা ঃ

ফোন/ ইমেল ঃ